

নভেম্বর /২০২০ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব
সভার তারিখ	৩০ই নভেম্বর ২০২০ খ্রিঃ
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে জানান যে, করোনা প্রাদুর্ভাবের কারণে অনেক কার্যক্রম দ্রুত করা সম্ভব হয়নি, তবে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সকলে আন্তরিকতার সহিত বাকী কার্যক্রম সম্পন্ন করবেন। তিনি জানান যে, আসন্ন ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০-এ অত্র মন্ত্রণালয়ের সফল অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন এবং এ বিষয়ে আমাদের প্রয়োজনীয় কার্যক্রম যথাযথভাবে গ্রহণ করতে হবে।

ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০-এ অংশগ্রহণের নিমিত্ত ২ (দুইটি) ছোট সাইজের স্টল চাওয়ার বিষয়ে আলোচনা হয়। দুইটি স্টলের একটি মৎস্য অধিদপ্তর ও অন্যটি প্রাণিসম্পদ অধিদপ্তরকে বরাদ্দের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, স্টল সাজানো এবং ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ সেক্রেটারিয়েটের নির্দেশনা অনুস্মরণ সংক্রান্ত আলোচনা হয়।

ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত অত্র মন্ত্রণালয় হতে একটি নির্দেশনা দেওয়ার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। এছাড়া, ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ভিডিও, ব্যানার, লিফলেট, ছবি-এর সফটকপি তৈরিতে বিশেষ গুরুত্ব আরোপের বিষয়ে সভায় আলোচিত হয়। প্রয়োজনে সংশ্লিষ্ট খাত হতে অর্থ খরচের মাধ্যমে ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০-এর কার্যক্রম নিপুনভাবে করার বিষয়ে সভায় আলোকপাত হয়।


ইনোভেশন কর্মপরিকল্পনা, ২০২০-২০২১ অনুযায়ী উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রম যথাযথময়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য ইনোভেশন টীমের সকলে যেন প্রতিনিয়ত ইনোভেশন কর্মপরিকল্পনা অবলোকন করেন এবং সে মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম পালন করেন - সে বিষয়ে গুরুত্ব আরোপ করে সভায় আলোচিত হয়।

ইনোভেশন টীমের সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্তঃ**

- ১। ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ অংশগ্রহণের নিমিত্ত দুইটি স্টল বরাদ্দ নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। ডিজিটাল ওয়ার্ল্ড-২০২০ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয় হতে অধিদপ্তরস্বয়কে প্রয়োজনীয় নির্দেশন প্রেরণ করতে হবে।
- ৩। কর্মপরিকল্পনা ২০২০-২০২১ নিয়মিত অবলোকন করবেন ও সেমোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.১৫৫

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৭

৩০ নভেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৪) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৬) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



মোঃ ইলিয়াস হোসেন  
সিস্টেম এনালিস্ট